



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১৩৮

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২৮

০১ জুলাই ২০২১

বিষয়: চলতি বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চুক্তিবদ্ধ চালকল মালিক কর্তৃক চুক্তির সমুদয় চাল সরকারি খাদ্য গুদামে সরবরাহ নিশ্চিতকরণ।

সূত্র: ১। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৯৮, তারিখ: ৩০/০৫/২০২১ খ্রি:।

২। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১১২, তারিখ: ১০/০৬/২০২১ খ্রি:।


উপর্যুক্ত বিষয় জানানো যাচ্ছে যে, চলতি বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে তার বিভাগ থেকে প্রাপ্ত চুক্তিবদ্ধ চালকল মালিকদের নিকট থেকে ২৭/০৬/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত চাল সরবরাহের চিত্র নিম্নরূপঃ

ক্র:নং	বিভাগের নাম	চুক্তিবদ্ধ মিল সংখ্যা	চুক্তিকৃত পরিমাণ (মে:টন)	চুক্তির সমুদয় চাল সরবরাহকৃত		চুক্তির আংশিক চাল সরবরাহকৃত		চুক্তির কোন চাল সরবরাহ করেনি এমন মিল সংখ্যা	
				মিল সংখ্যা	সরবরাহের পরিমাণ (মে:টন)	মিল সংখ্যা	সরবরাহের পরিমাণ (মে:টন)	মিল সংখ্যা	পরিমাণ (মে:টন)
১.	রাজশাহী	৪৫৫১	২২৪১৯৯	১৩৫২	৫৪১০৪	১৩১৮	৬৯৫৯১	১৮৫৯	৪৬৫৩১
২.	রংপুর	৬৪৯১	২২০৩৫৩	২২৬৪	৮৩২১৯	১৫৩১	৪৬৩৬১	২৬৮২	৪৬৭৩৭
৩.	ঢাকা	৮৮৯	১০৩৯৮২	৪২০	২৩৮৪০	৩১৩	৩৩১৪৩	১৫৬	৬৫৬১
৪.	ময়মনসিংহ	১৫৭৩	১৮০৫৭৮	৪৭৭	৩৩৩৩০	৫৭০	৬৩১৯৩	৫৫৮	২৯৫৪২
৫.	খুলনা	২০৭৬	১২৭৮৯৮	৬৩৩	৩৬০৭৩	৫৭৬	৩০৬৭০	৮৯৬	৩১৮১৮
৬.	সিলেট	৮৫	১৮৮৩৫	৪২	৪৮৮০	২১	৬৭৮৩	২২	৬৭৩
৭.	চট্টগ্রাম	৬১৭	১১১১৭৭	২৬৭	২৩০৯০	২১৫	৩৭৮৮৬	১৩৫	৯৪৯৮
৮.	বরিশাল	৪০৩	৪৯০৮০	২১৬	১০৬৯৮	১৩৮	১৬৭২৩	৪৯	১১৩২
মোট=		১৬৬৮৫	১০৩৬১০১	৫৬৭১	২৬৯২৩৪	৪৬৮২	৩০৪৩৪৮	৬৩৫৭	১৭২৪৯২

খাদ্য মন্ত্রণালয়ের ০৬/০৫/২০২১ খ্রি: তারিখের ৯১নং স্মারকে জারিকৃত পরিপত্রে ৩০ জুন/২০২১ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার ৭৫% অর্জনের কথা থাকলেও এ পর্যন্ত সংগ্রহ প্রায় ৫৭% যা আশানুরূপ নয়। বোরো সংগ্রহ/২০২১ সফল করার লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী জুলাই/২১ মাসে লক্ষ্যমাত্রার ১৫% অর্জনসহ জুন/২১ পর্যন্ত যা অর্জিত হয়নি তা জুলাই/২০২১ এর মধ্যে সংগ্রহ নিশ্চিতকরণসহ অবশিষ্ট ১০% পরিমাণ লক্ষ্যমাত্রার চালসহ শতভাগ লক্ষ্যমাত্রা ১৬/০৮/২০২১ এর মধ্যে অর্জনের বাধ্যবাধকতা রয়েছে। সে লক্ষ্যে সংগ্রহ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। সংগ্রহ কার্যক্রম ত্বরান্বিত করার স্বার্থে সংশ্লিষ্ট মিলারদের উপস্থিতিতে জেলা/উপজেলা সংগ্রহ কমিটির সাথে জরুরি সভা আয়োজনপূর্বক আংশিক চাল সরবরাহ করেছে বা আদৌ সরবরাহ করেনি এমন চুক্তিবদ্ধ মিলারগণকে সংশ্লিষ্ট সংগ্রহ কমিটির সভার সিদ্ধান্তের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিবদ্ধ চাল গুদামে সরবরাহ করার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো। অতঃপর আশানুরূপ ফলাফল পাওয়া না গেলে অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা, ২০১৭ এবং চাউল সংগ্রহ ও নিয়ন্ত্রণ আদেশ, ২০০৮ এবং খাদ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অন্যান্য আদেশ ও প্রচলিত আইন-বিধি অনুযায়ী

স্থানীয় প্রশাসনের সহযোগিতায় সংগ্রহ সফল করার লক্ষ্যে উক্ত মিলারদের বিরুদ্ধে প্রয়োজনে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবেচ্য।



১-৭-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.১৩৮/১(১১)

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৮
০১ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



১-৭-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক